



প্রেস রিলিজ

১২ ডিসেম্বর, ২০২১

বাউবিতে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি: প্রণয়ন ও বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি: প্রণয়ন ও বাস্তবায়ন শীর্ষক এক প্রশিক্ষণ কর্মশালা আজ ১২ ডিসেম্বর ২০২১ রবিবার সকাল ১০.৩০ টায় অনুষ্ঠিত হয়। বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড. মো: আবু তাহের। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবির প্রো-উপাচার্য অধ্যাপক ড. নাসিম বানু (প্রশাসন), প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন (শিক্ষা), ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। এছাড়াও কর্মশালায় বিভিন্ন স্কুলের ডিন, পরিচালকবৃন্দ ও আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ উপস্থিত ছিলেন। শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন, বাউবির রেজিস্ট্রার ও এপিএ টিম লিডার ড. মহা: শফিকুল আলম।

কর্মশালায় প্রধান অতিথি অধ্যাপক ড. মো: আবু তাহের বলেন, আমাদের জন সংখ্যাকে জন সম্পদে রূপান্তরে মধ্য দিয়ে রূপকল্প ২০৪১ বাস্তবায়ন সম্ভব। বাংলাদেশের মেগা প্রকল্পগুলো পূর্ণাঙ্গ বাস্তবায়িত হলে বিশ্বের উন্নত বিশটি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান সুদৃঢ় হবে। এ জন্য দেশের সকল প্রতিষ্ঠানে সুশাসন ও শুদ্ধাচার বাস্তবায়ন জরুরি। এ ক্ষেত্রে দেশের সকল বিশ্ববিদ্যালয়গুলো অগ্রণী ভূমিকা রাখতে পারে।

কর্মশালায় সভাপতির বক্তব্যে অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়তে সর্বক্ষেত্রে এপিএ বাস্তবায়নের বিকল্প নেই। এ জন্য তিনি সমৃদ্ধ সমাজ গড়ার প্রতি জোর দেন। পারিবারিক শিক্ষা এবং স্কুল পর্যায় থেকে সুষ্ঠু পরিবেশ ও নৈতিক আচরণের মধ্য দিয়ে এদেশে সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠা সম্ভব বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। স্কুল পর্যায়ের কোর্স কারিকুলামে পরিবর্তন আনার বিষয়েও তিনি বিশেষ গুরুত্বারোপ করেন।

এর আগে উপাচার্য সৈয়দ হুমায়ুন আখতারের নেতৃত্বে বাউবি ক্যাম্পাসে ‘স্বাধীনতা চিরন্তন স্মারক ভাস্কর্যে’ শহীদদের উদ্দেশ্যে পুষ্পার্ঘ অর্পন করেন অধ্যাপক ড. আবু মো: তাহের। পরে দুর্নীতি প্রতিরোধ, সচেতনতা বৃদ্ধি ও কর্ম পরিবেশ উন্নয়ন সম্পর্কিত বাউবির বিভিন্ন স্কুল, বিভাগ ও দপ্তরের সৃজনশীল শ্লোগান প্ল্যাকার্ডে শিক্ষক, কর্মকর্তা কর্মচারীদের নিয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪